

Freegest

Montelukast

Presentation

Freegest 4 mg Tablet : Each chewable tablet contains Montelukast Sodium USP equivalent to Montelukast 4 mg.

Freegest 5 mg Tablet: Each chewable tablet contains Montelukast Sodium USP equivalent to Montelukast 5 mg.

Freegest 10 mg Tablet : Each tablet contains Montelukast Sodium USP equivalent to Montelukast 10 mg.

Description

Freegest (Montelukast) is a selective and orally active leukotriene receptor antagonist that inhibits the cysteinyl leukotriene CysLT1 receptor. Cysteinyl leukotrienes and leukotriene receptor have been correlated with the pathophysiology of asthma (such as, airway edema, smooth muscle contraction and altered cellular activity associated with the inflammatory process, which contribute to the signs and symptoms of asthma).

Indications and Uses

Montelukast is indicated for the prophylaxis and chronic treatment of asthma in adults and pediatric patients 2 years of age and older.

Contra-indications:

Montelukast is contraindicated to patients with hypersensitivity to any component of this product.

Dosage and Administration:

Adults (15 years of age or over): 10 mg daily to be taken in the evening.

Children (6-14 years of age): 5 mg daily to be taken in the evening.

Children (6 months-5 years of age): 4 mg daily to be taken in the evening.

The safety and efficacy of Montelukast was demonstrated in clinical trials where it was administered in the evening without regard to the time of food ingestion.

Precautions

Montelukast is not indicated for use in the reversal of bronchospasm in acute asthma attacks (in case of status asthmaticus). Patients with known aspirin sensitivity should continue avoidance of aspirin or other NSAID, while taking Montelukast. In rare cases, patients on therapy with Montelukast may present with systemic eosinophilia, sometimes presenting with clinical features of vasculitis consistent with churg-strauss syndrome, a condition which is often treated with systemic corticosteroid therapy. Physician should be alert to eosinophilia, vasculitic rash, worsening pulmonary symptoms, cardiac complications, and/or neuropathy presenting in their patients. A causal association between Montelukast and these underlying conditions has not been established.

Side-Effects

Generally, Montelukast is well tolerated. Side effects include dizziness, headache, diarrhea, restlessness, abdominal pain, cough, fever, asthenia, rash and upper respiratory tract infection.

Use in pregnancy & lactation

Pregnancy: There are no adequate and well-controlled studies of Montelukast in pregnant women. Because animal reproductive studies are not always predictive of human response, so Montelukast should be used during pregnancy only if clearly needed.

Lactation: It is not known if Montelukast is excreted in human milk. Because many drugs are excreted in human milk, so caution should be exercised when Montelukast is given to a nursing mother.

Overdosage:

There were no adverse experiences reported in the majority of overdosage reports. The most frequent adverse experiences observed were thirst, mydriasis, hyperkinesia, and abdominal pain. In the event of overdose, it is reasonable to employ the usual supportive measures; e.g., remove unabsorbed material from the gastrointestinal tract, employ clinical monitoring, and institute supportive therapy, if required.

Commercial Pack

Freegest 4 mg Tablet : Each box contains 3 Alu-Alu blister pack of 10 tablets.

Freegest 5 mg Tablet : Each box contains 3 Alu-Alu blister pack of 10 tablets.

Freegest 10 mg Tablet : Each box contains 3 Alu-Alu blister pack of 10 tablets.

Manufactured by



For further query on the use of this medicine, consult to a registered Doctor or Pharmacist.

ফিজেস্ট

মন্টিলুকাস্ট

উপস্থাপন

ফিজেস্ট ৪ মি.গ্রা. ট্যাবলেট: প্রতিটি চুষে খাওয়ার ট্যাবলেটে রয়েছে মন্টিলুকাস্ট সোডিয়াম ইউএসপি যা মন্টিলুকাস্ট ৪ মি.গ্রা. এর সমতুল্য।

ফিজেস্ট ৫ মি.গ্রা. ট্যাবলেট: প্রতিটি চুষে খাওয়ার ট্যাবলেটে রয়েছে মন্টিলুকাস্ট সোডিয়াম ইউএসপি যা মন্টিলুকাস্ট ৫ মি.গ্রা. এর সমতুল্য।

ফিজেস্ট ১০ মি.গ্রা. ট্যাবলেট:

বিবরণ

মন্টিলুকাস্ট একটি সিলেকটিভ এবং মুখে সেব্য লিউকোট্রিন রিসেপ্টর প্রতিবন্ধক যা সিজুটিনাইল লিউকোট্রিন সিস্এলটি রিসেপ্টরকে বাধা দেয়। সিস্টিনাইল লিউকোট্রিন এবং সিস্এলটি রিসেপ্টরের ক্রিয়া অ্যাজমার প্যাথোফিজিওলজির সঙ্গে জড়িত (যেমন শ্বাসপথে ইডিমা, অনৈচ্ছিক পেশীর সংকোচন এবং কোষের পরিবর্তিত ক্রিয়াজনিত প্রদাহ প্রক্রিয়া যা অ্যাজমার লক্ষণসমূহের জন্য দায়ী)।

নির্দেশনা ও প্রয়োগ

মন্টিলুকাস্ট শিশু এবং পূর্ণবয়স্কদের অ্যাজমার প্রতিরোধে এবং ক্রনিক চিকিৎসার জন্য নির্দেশিত।

প্রতিনির্দেশনা

যে সব রোগীর এ প্রস্তুতির যে কোন উপাদানের প্রতি অতিসংবেদনশীলতা রয়েছে, তাদের জন্য মন্টিলুকাস্ট প্রতিনির্দেশিত।

মাত্রা ও সেবনবিধি

পূর্ণবয়স্ক (১৫ বছরের বেশি বয়সী) : প্রতিদিন সন্ধ্যায় ১০ মি.গ্রা.।

শিশু (৬-১৪ বছর বয়সী) : প্রতিদিন সন্ধ্যায় ৫ মি.গ্রা.।

শিশু (৬ মাস-৫ বছর বয়সী) : প্রতিদিন সন্ধ্যায় ৪ মি.গ্রা.। ক্লিনিক্যাল পরীক্ষায়, খাবার গ্রহণের সময় বিবেচনা না করে সন্ধ্যায় সেবনের ফলে মন্টিলুকাস্টের কার্যকারিতা ও নিরাপত্তার প্রমাণ পাওয়া গেছে।

পার্শ্ব-প্রতিক্রিয়া

সাধারণত মন্টিলুকাস্ট সুসহনীয়। পার্শ্ব প্রতিক্রিয়াসমূহ হচ্ছে- মাথা বিম বিম করা, মাথা ব্যথা, ডায়রিয়া, অস্থিরতা, পেটে ব্যথা, কাশি, জ্বর, দুর্বলতা, র্যাশ এবং উর্ধ্ব শ্বাসনালীর সংক্রমণ।

সাবধানতা

তীব্র অ্যাজমার আক্রমণ (স্ট্যাটাস অ্যাজমাটিকাস এর ক্ষেত্রে)-এর ফলে সৃষ্ট শ্বাসনালীর সংকোচন পূর্ণবয়স্কায় ফিরিয়ে আনার জন্য মন্টিলুকাস্ট নির্দেশিত নয়। যে সব রোগীর অ্যাসপিরিনের প্রতি সংবেদনশীলতার ঘটনা জানা আছে, তাদের ক্ষেত্রে মন্টিলুকাস্ট সেবনের সময় অ্যাসপিরিন বা অন্যান্য এনএসএআইডি সেবন এড়িয়ে চলা উচিত। বিরলক্ষেত্রে, মন্টিলুকাস্ট দ্বারা চিকিৎসার ফলে সিস্টেমিক ইসিনোফিলিয়া, কিছুক্ষেত্রে শার্গ-স্ট্রাউজ সিনড্রোম সংশ্লিষ্ট রক্তনালীর প্রদাহের ক্লিনিক্যাল বৈশিষ্ট্য দেখা দিতে পারে যা প্রায়ই সিস্টেমিক কার্টিকোস্টেরয়েড দ্বারা চিকিৎসা করা হয়। যে সব রোগীর ইসিনোফিলিয়া, ভাসকুলাইটিক র্যাশ, পালমোনারি লক্ষণসমূহের অবনতি, হৃদযন্ত্রের জটিলতা এবং/অথবা স্নায়ুিক সমস্যা হয় তাদের ক্ষেত্রে চিকিৎসকদের সতর্ক থাকা উচিত। এ পরিস্থিতিসমূহের সাথে মন্টিলুকাস্টের কারণগত সম্পর্ক প্রতিষ্ঠিত হয়নি।

গর্ভাবস্থায় এবং স্তন্যদানকালে

গর্ভাবস্থায় ও গর্ভবতী মহিলাদের উপর মন্টিলুকাস্টের পর্যাণ্ড ও সুনিয়ন্ত্রিত পরীক্ষা হয়নি। যেহেতু প্রাণীর প্রজননতন্ত্রের উপর পরীক্ষা মানুষের ক্ষেত্রে সবসময় প্রযোজ্য হয় না, সেজন্য গর্ভাবস্থায় কেবলমাত্র সুনির্দিষ্টভাবে প্রয়োজন হলে মন্টিলুকাস্ট ব্যবহার করা উচিত। স্তন্যদানকালে ও মন্টিলুকাস্ট মাতৃদুগ্ধে নিঃসৃত হয় কিনা তা জানা যায়নি। যেহেতু অনেক গুণ্ড মাতৃদুগ্ধে নিঃসৃত হয়, তাই দুগ্ধদানকালে মন্টিলুকাস্ট সেবনের সাবধানতা অবলম্বন করা উচিত।

ড্রাগ ইন্টার্যাকশন

অ্যাজমার প্রতিরোধে এবং ক্রনিক চিকিৎসায় অন্যান্য নিয়মমাফিক চিকিৎসার সাথে মন্টিলুকাস্ট সেবন করলে পার্শ্ব প্রতিক্রিয়া বৃদ্ধি পায় না। সাইটোক্রোম পি-৪৫০ ইনডিউসারস্ ও যদিও ফেনোবারবিটাল যুক্তের বিপাক ক্রিয়াকে উদ্দীপ্ত করে, তবুও মন্টিলুকাস্টের মাত্রা পরিবর্তনের দরকার হয় না। এর সাথে কোন পোটেন্ট সাইটোক্রোম পি-৪৫০ ইনডিউসারস্ যেমন- ফেনোবারবিটাল অথবা রিফামপিসিন সেবন করলে রোগীকে যথোচিত ক্লিনিক্যাল পর্যবেক্ষণে রাখা যৌক্তিক।

মাত্রাধিক্য

বেশির ভাগ মাত্রাধিক্যের ক্ষেত্রেই কোন পার্শ্ব প্রতিক্রিয়ার অভিজ্ঞতার খবর পাওয়া যায়নি। প্রায়ই ঘটে, এমন পার্শ্ব প্রতিক্রিয়াসমূহ হচ্ছে- তৃষ্ণা, চক্ষুতারার প্রসারণ, হাইপারক্যানেসিয়া এবং পেটে ব্যথা। মাত্রাধিক্যের ক্ষেত্রে, প্রয়োজন হলে সাধারণ সহায়ক ব্যবস্থাসমূহ; যেমন- পরিপাকনালী থেকে অশোষিত পদার্থ অপসারণ, ক্লিনিক্যাল পর্যবেক্ষণ এবং সহায়ক চিকিৎসা প্রয়োগ করা যৌক্তিক।

বাণিজ্যিক মোড়ক

ফিজেস্ট ৪ মি.গ্রা. ট্যাবলেট: প্রতিটি বাক্সে রয়েছে ১০ টি ট্যাবলেটের ৩ টি অ্যালু-অ্যালু রিস্টার প্যাক।

ফিজেস্ট ৫ মি.গ্রা. ট্যাবলেট: প্রতিটি বাক্সে রয়েছে ১০ টি ট্যাবলেটের ৩ টি অ্যালু-অ্যালু রিস্টার প্যাক।

ফিজেস্ট ১০ মি.গ্রা. ট্যাবলেট: প্রতিটি বাক্সে রয়েছে ১০ টি ট্যাবলেটের ৩ টি অ্যালু-অ্যালু রিস্টার প্যাক।

প্রস্তুতকারক :

বায়োফার্মা
লি. মি. টে. ড.
এ-১১৬, বিসিক শিল্প নগরী
টঙ্গী, গাজীপুর, বাংলাদেশ

এই গুণ্ড ব্যবহার সম্পর্কে আপনার যদি কিছু জানার থাকে, তাহলে নিবন্ধিত চিকিৎসক অথবা ফার্মাসিস্টের পরামর্শ নিন।